

১০/০৫/০৭
২৫

বেসরকারি প্রাথমিক শিক্ষকদের যোগ্যতা যাচাই পরীক্ষা হবে

১ জুলাই নিয়োগপ্রাপ্ত রেজিস্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের নির্ধারিত যোগ্যতা অর্জন ও দক্ষতা নিরূপণের জন্য সরকার পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ পরীক্ষায় অংশ নেয়ার লক্ষ্যে শিক্ষক-শিক্ষিকাদের ২০ আগস্টের মধ্যে উপজেলা শিক্ষা অফিসে নির্ধারিত ফরম পূরণ করে দাখিল করতে হবে। এ দক্ষতা নিরূপণ পরীক্ষা নোবেম্বরের শেষদিকে সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সুনির্দিষ্ট তারিখ যথাসময়ে জানানো হবে। পরীক্ষার সমস্ত তিন ঘণ্টা নির্ধারণ করা হয়েছে।

পঞ্চম শ্রেণী পর্যন্ত পাঠদানের জন্য শিক্ষক-শিক্ষিকাদের যে মানের দক্ষতা প্রয়োজন তার ওপর ভিত্তি করেই এ পরীক্ষার সিলেবাস প্রণয়ন করা হয়েছে। যোগ্যতাবিহীন শিক্ষকরা যাতে কার্যকরভাবে এ পরীক্ষায় অংশ নিতে পারেন সেজন্য একটি সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মসূচিরও আয়োজন করা হবে।

দক্ষতা নিরূপণ পরীক্ষা মাত্র একবারই অনুষ্ঠিত হবে এবং এ পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে কিংবা উত্তীর্ণ হতে না পারলে যোগ্যতাবিহীন শিক্ষক-শিক্ষিকারা তাদের কেউনের সরকারি অংশ আর পাবেন না। এ কারণে যথাসময়ে পরীক্ষার ফরম পূরণ করে জমা দেয়া এবং পরবর্তী সময়ে প্রশিক্ষণ কর্মসূচি ও পরীক্ষায় অংশ নেয়ার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মহাশালায় সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকাকে অনুরোধ করেছে।
উথাবিবরণী।